

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৫২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৯৭৬] ২৩/ সাওম বা রোজা (کتاب الصوم) পরিচ্ছেদঃ ১২৩৮. পুরা বছর সাওম পালন করা

باب صوَّم الدَّهْرِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ، أَخْبَرَنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيَّبِ، وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَمْرِو، قَالَ أُخْبِرَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنِي أَقُولُ وَاللَّهِ لأَصُومَنَّ النَّهَارَ، وَلأَقُومَنَّ اللَّيْلَ، مَا عِشْتُ. فَقُلْتُ لَهُ قَدْ قُلْتُهُ بِأَبِي وسلم أَنِي أَقُولُ وَاللَّهِ لأَصُومَنَّ النَّهَارَ، وَلأَقُومَنَّ اللَّيْلَ، مَا عِشْتُ. فَقُلْتُ لَهُ قَدْ قُلْتُهُ بِأَبِي أَنْتَ وَأُمِّي. قَالَ " فَإِنَّكَ لاَ تَسْتَطِيعُ ذَلِكَ، فَصِهُ وَأَفْطِرْ، وَقُهُ وَنَهْ، وَصهُمْ مِنَ الشَّهْرِ ثَلاَثَةَ أَيْاءٍ ، فَإِنَّ الْحَسَنَة بِعَشْرِ أَمْثَالِهَا، وَذَلِكَ مِثْلُ صِيَامِ الدَّهْرِ ". قُلْتُ إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذَلِكَ. قَالَ " فَصهُمْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمَيْنِ ". قُلْتُ إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذَلِكَ. قَالَ " فَصهُمْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمَيْنِ ". قُلْتُ إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذَلِكَ. قَالَ " فَصهُمْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمًا وَأَفْطِرْ يَوْمَيْنِ ". قُلْتُ إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذَلِكَ. قَالَ " فَصهُ أَلْفَضِيلَ مِنْ ذَلِكَ . فَقُلْتُ إِنِي أُطِيقُ أَفْضَلَ المَنِيامِ ". فَقُلْتُ إِنِي أُطِيقُ أَفْضَلَ المَنِيامِ ". فَقُلْتُ إِنِي فَقُلْتُ أَلِكَ الله عليه وسلم " لاَ أَفْضَلَ مِنْ ذَلِكَ ".

বাংলা

১৮৫২। আবৃল ইয়ামান (রহঃ) ... 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আমার সম্পর্কে এ কথা পৌছে যায় যে, আমি বলেছি, আল্লাহর কসম, আমি যতদিন বেঁচে থাকব ততদিন সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালন করব এবং রাতভর সালাত (নামায/নামাজ) আদায় করব। তিনি আমাকে জিজ্ঞাসা করায় আমি বললাম, আপনার উপর আমার পিতামাতা কুরবান হোক! আমি একথা বলেছি। তিনি বললেনঃ তুমি তো এরূপ করতে সক্ষম হবে না। বরং তুমি সাওম পালন কর ও ছেড়েও দাও, (রাতে) সালাত আদায় কর ও নিদ্রা যাও। তুমি মাসে তিন দিন করে সাওম পালন কর। কারণ নেক কাজের ফল তার দশ গুন: এভাবেই সারা বছরের সাওম পালন হয়ে যাবে।

আমি বললাম, আমি এর থেকে বেশী করার সামর্থ্য রাখি। তিনি বললেনঃ তাহলে একদিন সাওম পালন কর এবং দুদিন ছেড়ে দাও। আমি বললাম আমি এর থেকে বেশী করার সামর্থ্য রাখি। তিনি বললেনঃ তাহলে একদিন সাওম পালন কর এবং একদিন ছেড়ে দাও। এই হল দাউদ (আলাইহিস সালাম) এর সাওম এবং এই হল সর্বোত্তম। আমি বললাম, আমি এর চেয়ে বেশী করার সামর্থ্য রাখি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ



এর চেয়ে উত্তম সাওম (রাখার পদ্ধতি) আর নেই।

English

Narrated `Abdullah bin `Amr:

Allah's Messenger (ﷺ) was informed that I had taken an oath to fast daily and to pray (every night) all the night throughout my life (so Allah's Messenger (ﷺ) came to me and asked whether it was correct): I replied, "Let my parents be sacrificed for you! I said so." The Prophet (¾) said, "You can not do that. So, fast for few days and give it up for few days, offer Salat (prayer) and sleep. Fast three days a month as the reward of good deeds is multiplied ten times and that will be equal to one year of fasting." The Prophet (¾) said to me, "Fast one day and give up fasting for two days." I replied, "I can do better than that." The Prophet (¾) said to me, "Fast one day and give up fasting for a day and that is the fasting of Prophet David and that is the best fasting." I said, "I have the power to fast better (more) than that." The Prophet (¾) said, "There is no better fasting than that."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন